

"নিশ্চিত করি শোভন
কর্মপরিবেশ, সমৃদ্ধ হবে
বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, যশোর

বিষয়ঃ ২৭-১০-২০২২ তারিখে অনুষ্ঠিত এসডিজি বিষয়ক মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি আবদুল কাইউম
উপ -মহাপরিদর্শক
সভার তারিখ ২৭ অক্টোবর ২০২২
সভার সময় ১১.০০ ঘটিকা
স্থান সভাকক্ষ, অত্র কার্যালয়।
উপস্থিতি পরিশিষ্ট 'ক'

সভাপতি এসডিজি লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য এসডিজি বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আলোচনা শুরু করার আহবান জানান। সভাপতি ও উপস্থিত সম্মানিত সদস্যগণদের সাথে বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	কারখানার নিরাপত্তা	যে সকল কারখানায় বয়লার অথবা ড্রাম বয়লার (রাইচমিল) আছে সেসকল কারখানার নিরাপদ কর্মপরিবেশ আছে কিনা তা পরিদর্শন করে দ্রুত নোটিশ দেয়ার বিষয়ে আলোচনা হয়।	জরুরী ভিত্তিতে নভেম্বর মাসের পরিদর্শন সূচিতে রাইচমিল রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অত্র কার্যালয়ের সকল পরিদর্শক
০২	সম কাজে সম মজুরী	যে সকল কারখানা/প্রতিষ্ঠানে নারী শ্রমিক কর্মরত আছে তাদের রাত্তরিকালীন কাজের সম্মতিপত্র এবং সম কাজে সম মজুরী প্রদান করা হয় কিনা তা মনিটরিং করার বিষয়ে আলোচনা হয়।	পরিদর্শনকালে মজুরী সম্পর্কিত নারী -পুরুষ বৈষম্য আছে কিনা তা পর্যবেক্ষণ করতে হবে।	অত্র কার্যালয়ের সকল পরিদর্শক
০৩	শিশুশ্রম নিরসন কার্যক্রম	শিশুশ্রম নিরসন বিষয়ে প্লাস্টিক কারখানা ও অন্যান্য ঝুঁকিপূর্ণ সেস্তরে (ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ) অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	শিশুশ্রম নিরসনে অনিচ্ছুক কারখানা/প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা দেবার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অত্র কার্যালয়ের পরিদর্শক (সকল)
০৪	সভা ও সেমিনার এবং উদ্বুদ্ধকরণ সভা	কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ে এসডিজি বাস্তবায়ন ও জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি টিমকে কারখানা/প্রতিষ্ঠানে এসডিজি বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	কারখানা/প্রতিষ্ঠান পরিদর্শনকালে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করতে হবে।	কারখানা কর্তৃপক্ষ ও অত্র কার্যালয়ের সকল পরিদর্শক

০২। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবদুল কাইউম
উপ-মহাপরিদর্শক

স্মারক নম্বর: ৪০.০১.৪১০০.১০১.১৮.০৫২.১৯.১৭৫

তারিখ: ১৮ কার্তিক ১৪২৯

০৩ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান ও গবেষণা উপশাখা ও এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (সদয় অবগতির জন্য)
- ২) শ্রম পরিদর্শক, যশোর (সকল)
- ৩) , ।
- ৪) অফিস কপি।

জগদীশ চন্দ্র দাস
শ্রম পরিদর্শক